

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.০১২.২০০.০২১.১৭-১৬২

তারিখঃ ২২ কার্তিক, ১৪২৪
০৬ নভেম্বর, ২০১৭

বিষয় : ১৫ তম পলিসি প্ল্যানিং এণ্ড ম্যানেজমেন্ট কোর্স (পিপিএমসি)-এ কর্মকর্তাদের বর্ধিত মনোনয়ন।

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ১২/১১/২০১৭ হতে ২৩/১১/২০১৭ তারিখ পর্যন্ত ১২ দিন মেয়াদী ১৫তম পলিসি প্ল্যানিং এণ্ড ম্যানেজমেন্ট কোর্স (পিপিএমসি)-এ অংশ গ্রহণের জন্য নিম্নবর্ণিত অতিরিক্ত সচিবদের নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হলো :

ক্রমং	নাম ও পরিচিতি নম্বর	বর্তমান কর্মস্থল
১.	জনাব মোঃ আজিজুল আলম (৫২৫৮)	অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২.	জনাব সঞ্জয় কুমার চৌধুরী (৫২৭২)	অতিরিক্ত সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩.	জনাব তাহমিনা আখতার (৫৩৭০)	অতিরিক্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

০২। মনোনীত কর্মকর্তাগণ উল্লিখিত প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং ঐ সময়ে তাঁদের স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।

০৩। প্রশিক্ষণ চলাকালে কর্মকর্তাগণকে বিপিএটিসির ডরমিটরিতে অবস্থান করতে হবে।

০৪। কোর্স ফি জনপ্রতি ১৪,০০০ (চৌদ্দ হাজার) টাকা। মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি কোর্স শুরু হওয়ার পূর্বে স্ব-স্ব দপ্তর হতে ক্রসড চেক/পে-অর্ডার কিংবা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রেজিস্ট্রার, বিপিএটিসি বরাবর জমা দিতে হবে।

০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ এই কোর্সের জন্য মনোনীত কর্মকর্তাগণের থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। কোর্স চলাকালীন তাঁরা শুধু ভ্রমণ ভাতা পাবেন, কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৬। মনোনীত প্রত্যেক কর্মকর্তাকে আগামী ০৮/১১/২০১৭ তারিখের মধ্যে বিপিএটিসি'র (www.bpatc.org.bd) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। কোর্সে যোগদানের পর প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ই-লার্নিং প্ল্যাটফর্মে (elearning.bpatc.org.bd) রেজিস্ট্রেশন করতে হবে।

০৭। যদি কোন প্রশিক্ষণার্থী নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইন রেজিস্ট্রেশন সম্পন্ন না করেন তা হলে উক্ত প্রশিক্ষণার্থীকে কোর্সে অন্তর্ভুক্ত করা সম্ভব হবেনা।

০৮। মনোনীত কর্মকর্তাগণকে আগামী ১১/১১/২০১৭ তারিখ অপরাহ্নে অথবা কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে আবশ্যিকভাবে যোগদান করতে হবে।

(ফারাহ্‌ জুল নিখুম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৫৫২৫।


রেজিস্ট্রার
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা।

নং-০৫.০০.০০০০.০১২.২০০.০২০.১৭-১/১৬২(১০)

তারিখঃ ২২ কার্তিক, ১৪২৪
০৬ নভেম্বর, ২০১৭

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ০৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
- ০৪। বিভাগীয় কমিশনার/চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক
- ০৫। জনাব.....
- ০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। উপ-সচিব, প্রশাসন-২(৪) অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় {কোর্সে যোগদানের পর এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কোর্স ফি বাবদ প্রত্যেকের জন্য ১৪,০০০ (চৌদ্দ হাজার) টাকা করে রেঙ্কর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা বরাবরে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো}।
- ০৮। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অফিস কপি/মাস্টার ফাইল।


 (ফারাহ্ গুল নিসাম)
 সিনিয়র সহকারী সচিব